# আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন
# REB Ex Officers Association (REOA)

স্মারক নং- REOA/EC/2025/004 তারিখঃ ০৩/০২/২০২৬ ইং

**০২/০২/২০২৬ ইং তারিখের সভার কার্যবিবরণী:**

গত ০২/০২/২৬ ইং তারিখ অপরাহ্ন ৩-৩০ এ নিকুঞ্জ-২ এর মারওয়া কাবাব এন্ড রেস্টুরেন্ট এ REOA নির্বাহী কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন REOA সভাপতি জনাব নুরুল ইসলাম ভূইয়া । সভা সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক জনাব এস এম জাফর সাদেক ।

সভায় উপস্থিতির তালিকা নিম্নে দেওয়া হলো:

১. জনাব নুরুল ইসলাম ভূঞা - সভাপতি
২. জনাব শাহ্ নেওয়াজ খান - সহ-সভাপতি
৩. জনাব এস এম জাফর সাদেক - সাধারন সম্পাদক
৪. জনাব মোঃ আব্দুল হাই - সহ-সাধারন সম্পাদক
৫. জনাব অঞ্জন কান্তি দাশ - সাংগঠনিক সম্পাদক
৬. জনাব মোঃ নুরুজ্জামান - সহ কোষাধ্যক্ষ
৭. জনাব মোঃ খালেদ হোসেন - ক্রীড়া, সংস্কৃতি ও কল্যান সম্পাদক
৮. জনাব মোঃ আব্দুস সামাদ - সদস্য
৯. জনাব মোঃ মোস্তফা - সদস্য
১০. জনাবা লতিফা আকতার জাহান - সদস্য
১১. জনাব এবি মাহমুদ হোসেন - সদস্য
১২. জনাব মোজাম্মেল হক - মনোনীত সদস্য
১৩. জনাব দুলাল চন্দ্র সাহা - মনোনীত সদস্য
১৪. জনাব মোঃ ওয়ালিউল্লাহ মিয়া - সদস্য সাংগঠনিক কমিটি
১৫. জনাব তপন কুমার গোলদার - সদস্য সাংগঠনিক কমিটি
১৬. জনাব মোঃ শাহ আলম - সদস্য সাংগঠনিক কমিটি

গত এক সপ্তাহে আমরা REOA পরিবারের একজন সদস্যকে,একজন সদস্যের মা ও একজনের সহধর্মিণীকে হারিয়েছি । এখনও জানামতে তিন জন সদস্য গুরুতর অসুস্থ অবস্থায় রয়েছেন ।এমতাবস্থায়, একটা শোকাবহের মধ্যে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি অদ্যকার সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করণ:

সাধারণ সম্পাদক কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে উহা নিশ্চিত করা হয়।

২। অসুস্থ/মৃত সদস্য/সহকর্মীদের জন্য দোয়া:

অতি সম্প্রতি মৃত্যুবরণকারী সদস্য /সদস্য-পরিবার ও ইতিপূর্বে মৃত সহকর্মী সহ বর্তমানে অসুস্থ সকল সদস্যগনের রূহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয় ।দোয়া পরিচালনা করেন সহসভাপতি জনাব শাহনেওয়াজ খান।

৩। ইসির নূতন সদস্য ও সাংগঠনিক কমিটির সদস্যদের পরিচিতি:

সকলেই তাঁদের স্ব স্ব পরিচয় প্রদান করেন। তাঁদের অভিনন্দিত করে স্বাগত জানানো হয়।

৪। বিগত সভার পর থেকে এযাবৎ সম্পাদিত কর্মকাণ্ডের পর্যালোচনা:

সাধারণ সম্পাদক সভায় উপস্থাপন করেন যে,

ক) বিগত ০৫/০১/২০২৬ ইং তারিখে জনতা ব্যাংক পবিবো শাখায় REOA এর সনচয়ী হিসাব খোলা হয় এবং তথায় LM ফি বাবদ সংগৃহীত অর্থ এর সাথে কিছু যোগ করে ৩.০০ লক্ষ টাকার এফডিআর করা হয়।

খ) পবিবোর সাথে সম্পর্ক বিষয়ক উপ কমিটি চেয়ারম্যান এর সাথে সাক্ষাৎ করার চেষ্টা করে অদ্যকার সভার পূর্বে Appointment পাওয়া যায়।সাত সদস্যের একটি দল চেয়ারম্যান মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেনএবং অতি আন্তরিকতার সাথে তাঁর সাথে কিছুক্ষণ কথা বলেন । REOA এর কার্যক্রম সম্পর্কে তিনি অবহিত হন।আমাদের সীমাবদ্ধতা ও সভা করার জন্য রুম বরাদ্দের বিষয়ে অনুরোধ জানানো হলে উনি আশ্বাস দেন এবং একটি পত্র প্রদানের পরামর্শ দেন।

গ) গত ২০/০১/২০২৬ইং তারিখে গুরুতর অসুস্থ সদস্য জনাব কাসেম সর্দার কে স্কয়ার হাসপাতালে দেখতে যাওয়া হয় এবং ২৫,০০০টাকা অনুদান প্রদান করা হয়।

ঘ) ২২/০১/২০২৬ তারিখে বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালের HDU তে শয্যাশায়ী জনাব রফিকুল হক এর খবর নিতে যাওয়া হয় এবং ফলমূল খাওয়ার জন্য টোকেন ৫০০০ টাকা দেওয়া হয়।

ঙ) ২৪/০১/২০২৬ তারিখে দীর্ঘ দিন বাসায় শয্যাশায়ী জনাব মোতালেব হোসেন কে দেখতে যাওয়া হয়।

চ) ২৬/০১/২০২৬ইং তারিখে BSHতে জনাব রফিকুল হককে কেবিনে দেখতে যাওয়া হয় এবং ১,০০,০০০ টাকা অনুদান প্রদান করা হয়।

ছ) ২৪/০১/২০২৬ তারিখে সড়ক দুর্ঘটনায় আহত হন সস্ত্রীক জনাব শাহ আলম এবং পরে হাসপাতালে তাঁর স্ত্রী মারা যান।বিলম্বে খবর পাওয়ার পর গত ৩১/০১/২০২৬ তারিখে অসুস্থ শাহ আলমকে দেখতে বাসায় যাওয়া হয়।

জ) ২৯/০১/২০২৬ তারিখে দুপুরে জনাব মহিউদ্দিন আহমেদের মাতৃবিয়োগ ঘটেএবং তাকেঁ সমবেদনা জানানো হয়।

ঝ) ২৯/০১/২০২৬ ইং সন্ধ্যায় জনাব রফিকুল হক বাসায় থাকাকালীন মৃত্যুবরণ করেন। ঐদিন তাঁর পরিবারের সাথে দেখা করে সমবেদনা প্রকাশ করা হয় এবং পরদিন জানাযায় অংশগ্রহণ করা হয়।

ট) ইতব্যসরে অসুস্থ সকল সদস্যদের চিকিৎসার্থে পারস্পরিক আলোচনা করে ডোনেশন আহবান করা হয় এবং এতে ভাল সাড়া পাওয়া যাচ্ছে।

উপরোক্ত কর্মকাণ্ডে উপস্থিত সকল সদস্য পূর্ণ সমর্থন জ্ঞাপন করেন।

৫।আশু গ্রহণযোগ্য কর্মসূচি গ্রহণ ও উপ কমিটি গঠন:

ক) উপরোক্ত ৪(ট)অনুযায়ী আহরিত ডোনেশন কে REOA এর "কল্যান তহবিল "হিসাবে অভিহিত করা হয়।এই তহবিলের পরিচালনার জন্য নীতিমালা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করা হয় এবং নিম্নরূপ উপ কমিটি গঠন করা হয়:

১) জনাব শাহনেওয়াজ খান -আহবায়ক
২) জনাব মোঃ মোজাম্মেল হক-সদস্য
৩) জনাব কুমার চন্দ্র মন্ডল -সদস্য

৪) জনাব বজলুর রহমান-সদস্য সচিব

৫) জনাব মোঃ মোস্তফা-সদস্য

খ) আসন্ন রমজানের পূর্বে আগামী ১৪-০২-২০২৬ ইং রোজ শনিবার বনানীস্থ স্টার কাবাব এন্ড রেস্টুরেন্ট এ প্রাতরাশ-আড্ডা আয়োজন করা হবে।অংশগ্রহণকারীগনের নিজস্ব অর্থায়নে জনপ্রতি ৩০০/- করে ফি নির্ধারণ করা হয়।ঘাটতি অর্থ REOA এর সাধারণ তহবিল হতে মেটানো হবে এবং উদ্বৃত্ত অর্থ সাধারণ তহবিলে জমা হবে।এতদ্‌উদ্দেশ্যে নাস্তা উপ-কমিটি নিম্নরূপ:

১) জনাব অনজন কান্তি দাস-আহ্বায়ক

২) জনাব খালেদ হোসেন-সদস্য সচিব

৩) জনাব দুলাল চন্দ্র সাহা-সদস্য

গ) REOA সদস্যদের ডাইরেক্টরী প্রনয়ন:

আরইবি এর শুরু থেকে যাঁরা কর্মকর্তা হিসেবে অবসরে গিয়েছেন বা মারা গিয়েছেন তাঁদের সকলকে নিয়ে একটি পূর্ণাঙ্গ সাধারণ সদস্য তালিকা প্রণয়ন করা হবে এবং মরহুম জিয়াউদ্দিন মাহমুদ এর অসমাপ্ত কাজের সহায়তায় একটি পূর্ণাঙ্গ ডাইরেক্টরী প্রকাশ করা হবে।এতদ্‌উদ্দেশ্যে পবিবো হতে ১৯৯০ সালের প্রনীত গ্রেডেশন তালিকা বের করার জন্য ক্রীসক সম্পাদক জনাব খালেদ হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়।

৬। সাংগঠনিক কার্যক্রম ও সদস্য সংগ্রহের অগ্রগতি:

সাংগঠনিক সম্পাদক জানান যে, তিনি দেশে না থাকার কারণে কিছুটা শ্লথ গতি পরিলক্ষিত হচ্ছে।এখন থেকে পুরোদমে কাজ করার জন্য কমিটির সদস্যদের উৎসাহিত করা হয়।সাংগঠনিক সম্পাদককে তাঁর টিম এর সাথে সভা করার পরামর্শ দেয়া হয়।

৭।বিবিধ:

ক) বাংলাদেশ অবসরপ্রাপ্ত বিদ্যুৎ কর্মজীবী কল্যান সমিতির কার্যক্রম সংক্রান্ত : এতদবিষয়ে সাধারণ সম্পাদক সভাকে অবহিত করেন যে এই সমিতি বিদ্যুৎখাতের সরকারী মালিকানাধীন PDB,REB,পিজিসিবি,ডিপিডিসিDESCO সহ সংশ্লিস্ট অপরাপর সংস্থা ও কোম্পানী সমূহের অবসরপ্রাপ্ত কর্মজীবীদের সমন্বয়ে গঠিত।দীর্ঘ দিন ধরে এই সমিতি কার্যক্রম পরিচালনা করছে। গত ১৭ জানুয়ারি একটি AGM এর মাধ্যমে নুতন কমিটি গঠিত হয়েছে! সেখানে আমি সহ সভাপতি (সার্বিক)পদে নির্বাচিত হয়েছি!

Power সেক্টরের সব সংস্থার সমন্বিত একটি নিবন্ধিত অর্গানাইজড ও ডাইনামিক প্লাটফর্ম এর সাথে যুক্ত হতে পারা আমাদের জন্য ভালো হবে বলে মনে করি ।এখানে সামগ্রিক কল্যান কার্যক্রম সহ বেশ কয়েকটি ডায়াগনস্টিক সেন্টার এ কর্পোরেট সুবিধা ও ডিসকাউন্ট পাওয়া যায় ।

৬৫ উর্ধ্ব ব্যক্তিদের প্রয়োজনে বাৎসরিক অর্থ সহায়তা দেওয়া হয় ।

জাতিও ইস্যুতে ওয়ার্কশপ/ সেমিনার ও নানাবিধ অনুষ্ঠান ইত্যাদি আয়োজন করা হয়!

আগামীতে বিদ্যুৎ কল্যান সংস্থা গঠনের আলোচনা চলছে । উক্ত সমিতির নির্বাহী পরিষদ REB এর বিষয়ে বেশ আগ্রহী। REOA এর সদস্য গণ এই সমিতিতে যুক্ত হলে ওখানে আমাদের ভূমিকা অনেক বৃদ্ধি পাবে বিধায় সদস্যপদ গ্রহণের অনুরোধ জানানো হয় ।

খ) প্রতি সভায় কোষাধ্যক্ষ একটি আর্থিক প্রতিবেদন পেশ করবেন ।সদস্যদের সামর্থ অনুযায়ী বর্তমান কল্যান বা অনুদান প্রক্রিয়া চলমান থাকবে। এই বাবদ প্রাপ্ত অর্থের হিসাব আলাদা ভাবে সংরক্ষণ করা হবে ।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(এস এম জাফর সাদেক)
সাধারন সম্পাদক

(মোঃ নুরুল ইসলাম ভূঞা)
সভাপতি